# কাজিপুর পৌরসভা

কাজিপুর, সিরাজগঞ্জ

www.kazipurpourashova.com

মোবাইল নং+৮৮০১৭১৪৭৫০০১২ ই-মেইলঃ kazi.pourashava@gmail.com

স্ক্যান করুন

স্মারক নং- কাজি/পৌর/পশুর হাট-ইজা/২০২৬- ২৬৬ তারিখ: ১৪-০৫-২০২৬ খ্রি.

## পৌর অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি/১৪৩৩ বাংলা

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাজিপুর পৌরসভার ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত অস্থায়ী পৌর কোরবানীর পশু হাট ১৪৩৩ বঙ্গাব্দের ০৪ জ্যৈষ্ঠ থেকে ১৩ জ্যৈষ্ঠ পর্যন্ত (খন্ডকালীন সময়) ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত ফরমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং: | পৌর কোরবানীর পশু হাটের নাম | সরকারি মূল্য | জামানতের পরিমাণ | সিডিউলের মূল্য | দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহণের বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১. | কাজিপুর পৌরসভাধীন বেড়ীপোটল পাচানিপাড়া নামক স্থান | ১,২৬,০০০/- | দেয় দরের ৩০% | ১০০০/- | বিক্রয়ের শেষ সময়: ১৭-০৫-২০২৬ খ্রি: দুপুর ০১.০০ টা পর্যন্ত। |
| | | | | | গ্রহণের শেষ সময়: ১৭-০৫-২০২৬ খ্রি: দুপুর ০৩.০০ টা পর্যন্ত। |

### শর্তাবলী

১। ইজারাদার হিসাবে ট্রেড লাইসেন্সধারী যে কোন ব্যবসায়ী ব্যক্তি/প্রতিষ্ঠান ইজারা দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। ইজারা দরপত্রের সাথে জাতীয়তার সনদ পত্র, ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

২। দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান: কাজিপুর পৌরসভা কার্যালয়, সিরাজগঞ্জ।

৩। দরপত্র সিডিউল গ্রহণের স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিরাজগঞ্জ।

৪। জামানত প্রশাসক, কাজিপুর পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। জামানতের টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৫। কাঙ্খিত ইজারা মূল্যের ৩০% প্রশাসক, কাজিপুর পৌরসভা, কাজিপুর, সিরাজগঞ্জ অনুকূলে ব্যাংক/ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে।

৬। দরদাতার দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, কাজিপুর পৌরসভা, কাজিপুর, সিরাজগঞ্জ অনুকূলে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতাগণ নিয়মিত ইজারাকৃত প্রতিষ্ঠান নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে, উক্ত জামানত হতে তা মিটানো হবে।

৭। ডাক (নিলাম) বিজয়ী ০১(এক) কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে অথবা নিলামে ২য় সর্বোচ্চ দরদাতাকে অফার লেটার প্রদান করা হবে।

৮। অস্থায়ী পশু হাট কমিটিকে সার্বক্ষণিক পশু হাটে নিজস্ব ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবক নিয়োগ এবং সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে।

৯। বেড়িপোটল পাচানিপাড়া সংলগ্ন খালি জায়গায় অস্থায়ীভাবে কোরবানীর পশুর হাট বসাতে হবে।

১০। হাটের দিন পাকা রাস্তায় যানবাহন ও জনসাধারণের চলাচলের জন্য পর্যাপ্ত সুবিধা রাখতে হবে, কোনভাবেই রাস্তা বন্ধ করে হাট বসানো যাবে না।

১১। পাকা রাস্তার উপর কোন প্রকার কোরবানীর পশু ওঠা-নামা করা বা পশুবাহী গাড়ি রাস্তার উপর রাখা যাবে না।

১২। খন্ডকালীন/অস্থায়ী হাটে অশ্লীল নাচ, গান-বাজনা, জুয়া হাউজিসহ সকল প্রকার অ-সামাজিক কার্যকলাপ সম্পূর্ণরুপে বন্ধ থাকবে। কর্তৃপক্ষের আদেশ অমান্য করে এরুপ কোন অনুষ্ঠানের আয়োজন করা হলে ইজারা তৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান অন্যের নিকট সাব লীজ দিতে পারবে না। যদি অনুরুপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তবে ইজারা বাতিল করে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। ইজারা গ্রহীতাকে হাটের বাস্তব অবস্থা ও ইজারা শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। কোন প্রতিষ্ঠানের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে ঐ প্রতিষ্ঠানের উপর এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১৬। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) আইন, ২০২৩ অনুসরণপূর্বক ইজারা সকল কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮। সিডিউল বিক্রয়ের শেষ সময় ১৭.০৫.২০২৬খ্রি. দুপুর ০১.০০ ঘটিকা, জমার শেষ সময়: উক্ত দিন দুপুর ০৩.০০ ঘটিকা পর্যন্ত এবং বাক্স খোলার সময় উক্ত দিনের বিকেল ৩:৩০ ঘটিকা।

১৪/০৫ ২০২৬

(মোঃ মোস্তাফিজুর রহমান)
প্রশাসক
কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ।

স্মারক নং- কাজি/পৌর/পশুর হাট-ইজা/২০২৬- ২৬৬ তারিখ: ১৪-০৫-২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
২। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৩। পরিচালক র‍্যাব-১২, সিরাজগঞ্জ
৪। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
৫। সহকারী কমিশনার (ভূমি)কাজিপুর, সিরাজগঞ্জ
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাজিপুর থানা, সিরাজগঞ্জ (অবগতি ও ইজারা কার্যক্রমে শান্তি শৃংঙ্খলা রক্ষার কাজে সহায়তার জন্য প্রেরিত হলো)
৭-১৫। জনাব....................................সদস্য ও ............. নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত সহায়ক কমিটি, কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ
১৯। পৌর নির্বাহী কর্মকর্তা, কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ
২০। হিসাব রক্ষক (ভারপ্রাপ্ত), কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ
২১। সম্পাদক জাতীয় "দৈনিক.................................................." পত্রিকা (অবগতি ও তাহার পত্রিকায় একদিন....................... আকারে প্রচারের জন্য প্রেরিত হলো)
২২। নোটিশ বোর্ড, কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ
২৩। অফিস নথি

১৪/০৫/২০২৬

(মোঃ মোস্তাফিজুর রহমান)
প্রশাসক
কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ।